যুগান্তর

তারিখ: 16 OCT 2015
পৃষ্ঠা: ৩ কলাম: ৪

# মেয়েদের দ্বাদশ শ্রেণী পর্যন্ত লেখাপড়া বাধ্যতামূলক করার পরামর্শ

সংসদ রিপোর্টার

মেয়েদের দ্বাদশ শ্রেণী পর্যন্ত লেখাপড়া বাধ্যতামূলক করতে মন্ত্রণালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণের পরামর্শ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

বাল্যবিবাহ প্রতিরোধ সাব-কমিটির প্রতিবেদনের ভিত্তিতে কমিটি এ পরামর্শ দিয়েছে। এছাড়াও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর আর্থিক বিষয়াদি নিরীক্ষার জন্য একটি পৃথক অধিদফতর গঠনের সুপারিশ করেছে কমিটি। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার মান বাড়ানোরও তাগিদ দিয়েছে তারা।

বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এসব বিষয় নিয়ে আলোচনা হয়। কমিটির সভাপতি মো. আফছারুল আমীন বৈঠকে সভাপতিত্ব করেন।

কমিটির সদস্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, জাহাঙ্গীর কবীর নানক, মো. ছলিম উদ্দীন তরফদার, গোলাম মোস্তফা, এসএম আবুল কালাম আজাদ; মামুনুর রশিদ এবং সেলিনা আক্তার বানুসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

কমিটি সূত্রে জানা গেছে, বৈঠকে বাল্যবিবাহ প্রতিরোধে গঠিত সাব-কমিটি একটি প্রতিবেদন উপস্থাপন করে। প্রতিবেদনে সাব-কমিটি বাল্যবিবাহ প্রতিরোধে সবার জন্য বিশেষ করে মেয়েদের জন্য দ্বাদশ শ্রেণী পর্যন্ত লেখাপড়া বাধ্যতামূলক করার পরামর্শ দেয়।